



জাতীয় বিশ্ববিদ্যালয়  
গাজীপুর, বাংলাদেশ  
ওয়েবসাইট: www.nu.ac.bd

জনাব  
আহবায়ক  
সংশ্লিষ্ট ভর্তি কমিটি  
ব্যবস্থা নিন।

11-09-22

পরিচালকের কার্যালয়  
জনসংযোগ দপ্তর  
ফোন : ০২ ৯৯৬৬৯১৫৩৬, ফ্যাক্স: ০২ ৯৯৬৬৯১৫৫০  
mail: nupr1992@gmail.com

তারিখ: ০৯ সেপ্টেম্বর, ২০২২

সংবাদ বিজ্ঞপ্তি

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স ১ম বর্ষে ভর্তির ২য় রিলিজ স্লিপের আবেদন ১১ সেপ্টেম্বর থেকে শুরু

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের অনলাইন আবেদন ১১ সেপ্টেম্বর ২০২২ তারিখ বিকাল ৪টা থেকে শুরু হবে। এই ভর্তি কার্যক্রমে যেসকল আবেদনকারী মেধা তালিকায় স্থান পায়নি বা মেধা তালিকায় স্থান পেয়েও ভর্তি হয়নি অথবা মেধা তালিকায় ভর্তি হয়ে পরবর্তীতে ভর্তি বাতিল করেছে সেসকল আবেদনকারীকে মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই ২য় রিলিজ স্লিপে আবেদন করতে হবে। উল্লেখ্য যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিকৃত কোনো শিক্ষার্থী ২য় রিলিজ স্লিপে আবেদন করতে ইচ্ছুক হলে তাকে অবশ্যই ১৫ সেপ্টেম্বর ২০২২ তারিখের মধ্যে পূর্ববর্তী ভর্তি বাতিল করতে হবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য ভর্তি বিষয়ক ওয়েবসাইটে ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) পাওয়া যাবে।

*Signature*

মো. আতাউর রহমান  
পরিচালক  
জনসংযোগ দপ্তর,  
জাতীয় বিশ্ববিদ্যালয়